# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৯]

৫. কিতাবুল গোসল (كتاب الغسل)

পরিচ্ছেদঃ গোসলের পূর্বে অযু করা

## باب الْوُضُوءِ قَبْلَ الْغُسْلِ

---

আরবী

□□□ـ عَنْ مَيْمُونَةَ رَضِيَ الله عَنْهَا زَوْجِ النَّبِيِّ قَالَتْ: تَوَضَّأَ رَسُولُ اللَّهِ وُضُوءَهُ لِلصَّلاةِ، غَيْرَ رِجْلَيْهِ، وَغَسَلَ فَرْجَهُ وَمَا أَصَابَهُ مِنَ الأَذَى، ثُمَّ أَفَاضَ عَلَيْهِ الْمَاءَ، ثُمَّ نَحَّى رِجْلَيْهِ، فَغَسَلَهُمَا، هَذِهِ غُسْلُهُ مِنَ الْجَنَابَةِ.

বাংলা

১৮৪) মায়মুনা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ (পবিত্রতা অর্জনের গোসলের পূর্বে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযের ন্যায় অযু করলেন। তবে পা দু’টি ধৌত করলেন না এবং তিনি লজ্জাস্থান এবং তাতে যে ময়লা লেগেছিল তা ধৌত করলেন। অতঃপর সমগ্র শরীরে পানি ঢাললেন। তারপর একটু সরে গিয়ে পা ধৌত করলেন। এ ছিল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্রতা অর্জনের গোসলের নিয়ম।

## English

The performance of ablution before taking a bath

Narrated Maimuna:

(the wife of the Prophet) Allah's Messenger (ﷺ) performed ablution like that for the prayer but did not wash his feet. He washed off the discharge from his private parts and then poured water over his body. He withdrew his feet from that place (the place where he took the bath) and then washed them. And that was his way of taking the bath of Janaba.

ফুটনোট

টিকাঃ উক্ত হাদীছে বড় নাপাকী থেকে পবিত্রতা অর্জনের গোসলের সুন্নাতী পন্থা বর্ণিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ মায়মূনাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89076

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন